

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নং-৫২.০১.০০০০.১০১.১৪.০১০.২৩- ০৭০০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২, মার্চ ২০২৩

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম পরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.১ অনুসারে গঠিত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

আহ্বায়ক : জনাব এস এম আনিসুজ্জামান, পরিচালক (ভারপ্রাপ্ত), এফএ এন্ড এমআই উইং
সভার তারিখ : ০৬-০৩-২০২৩ খ্রি.
সভার স্থান : পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং এর অফিস কক্ষ, বিবিএস, ঢাকা
সময় : ১০:৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

০১। সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্যদের মধ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-ক) অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সদস্য সচিব জানান যে, অবসর, মৃত্যু, পদোন্নতি অথবা বদলীজনিত কারণে সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হতে পারে। এ পরিপ্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবী, ফোন ও ইমেইল হালনাগাদ করা প্রয়োজন। এছাড়া হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।


আলোচ্যসূচি-খ) অনুযায়ী বিবিধ বিষয়ে সদস্য সচিব জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র “সেবা প্রদান প্রতিশ্রুতি” সেবাবক্স টি হালনাগাদ নয়। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার অফিস আদেশ, পরিবীক্ষণ কমিটির অফিস আদেশ, সভার বিজ্ঞপ্তি, কার্যবিবরণী বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। বিবিএস এর ওয়েবসাইটে “সেবা প্রদান প্রতিশ্রুতি” সেবাবক্স টি হালনাগাদের নিমিত্ত সংশ্লিষ্ট ডকুমেন্টসমূহ কম্পিউটার উইং এ প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভাপতি মত প্রদান করেন। সভার সকলে এ বিষয়ে একমত পোষন করেন।

০২। সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১) সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম, পদবী, ফোন ও ইমেইল হালনাগাদ করতে হবে।। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিবিএস এর ওয়েবসাইটে আপলোড করতে হবে।

২.২) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর ফোকাল পয়েন্ট কর্মকর্তার অফিস আদেশ, পরিবীক্ষণ কমিটির অফিস আদেশ, সভার বিজ্ঞপ্তি, কার্যবিবরণী বিবিএস এর ওয়েবসাইটে “সেবা প্রদান প্রতিশ্রুতি” সেবাবক্সে আপলোড করতে হবে।

০৩। সভায় আর কোর আলোচনা না থাকায় অর্থপূর্ণ ফলপ্রসূ সভা অনুষ্ঠানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।


এস এম আনিসুজ্জামান

পরিচালক (ভারপ্রাপ্ত)
এফএ এন্ড এমআইএস উইং

৩

আহ্বায়ক, পরিবীক্ষণ কমিটি

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব মোঃ সাইদুর রহমান, উপপরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
- ২) জনাব মেহেনাজ তাবাসসুম, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।
- ৩) জনাব আতিয়া বিলকিস, পরিসংখ্যান কর্মকর্তা, কম্পিউটার উইং, বিবিএস।
- ৪) ব্যক্তিগত সহকারী, পরিচালক (ভারপ্রাপ্ত) মহোদয়ের দপ্তর, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১) স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস। (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) অফিস কপি।